

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৭, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২১ মাঘ ১৪২৫/০৩ ফেব্রুয়ারি ২০১৯

নং ১৭.০০.০০০০.০০৯.০৫.০০৭.০১-৬১।—প্রশাসনিক গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য সৃজিত নতুন পদসমূহের সমন্বয়ে অনুবিভাগ, অধিশাখা ও শাখার সমন্বয়ে সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করা প্রয়োজন। সৃজিত পদসমূহ দ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ে ০১টি অনুবিভাগ ০২টি অধিশাখা ও ০২টি শাখা গঠন করা হয়েছে। বর্তমান প্রশাসন অনুবিভাগটির নাম পরিবর্তন করে প্রশাসন ও অর্থ অনুবিভাগ নামকরণ এবং এ অনুবিভাগের প্রধান হিসেবে অতিরিক্ত সচিবের পরিবর্তে নতুন সৃজিত যুগ্ম-সচিবকে রাখা হয়েছে। তবে, নির্বাচন কমিশন সচিবালয়ের সকল শাখার নথি অতিরিক্ত সচিবের মাধ্যমে সচিব এর নিকট উপস্থাপিত হবে।


০২। নবগঠিত ০২টি অধিশাখা যথাক্রমে “বাজেট অধিশাখা” এবং “শৃঙ্খলা ও আপিল অধিশাখা” হিসেবে নামকরণ করা হয়েছে। বিদ্যমান সংস্থাপন অধিশাখার আওতাধীন “বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ” ও “হিসাব” শাখার সমন্বয়ে নতুন সৃজিত ০১ জন উপসচিবের আওতায় “বাজেট অধিশাখা” গঠন করা হয়েছে। সেইসাথে নতুন সৃজিত ০১ জন উপসচিবের আওতায় “শৃঙ্খলা ও আপিল” অধিশাখা এবং নতুন সৃজিত ০১ জন সিনিয়র সহকারী সচিব-এর আওতায় “শৃঙ্খলা শাখা” গঠন করা হয়েছে।

০৩। নতুন সৃজিত অপর ০১ জন সিনিয়র সহকারী সচিব-এর আওতায় “জনবল ব্যবস্থাপনা-৩” শাখা গঠনকরত: জনবল অধিশাখায় ন্যস্ত করা হয়েছে এবং নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োগযোগ্য নতুন সৃজিত অডিটরিয়াম কেয়ারটেকার-০১টি, ইলেক্ট্রিশিয়ান-০১টি, লিফটম্যান-০৪টি, জেনারেটর অপারেটর-০১টি, নিরাপত্ত প্রহরী-০২টি ও পরিচ্ছন্নতা কর্মী-০৩টি পদসহ সর্বমোট ১২টি পদ সাধারণ সেবা অধিশাখার আওতাধীন সাধারণ সেবা-২ শাখায় অন্তর্ভুক্ত করা হলো।

(১২৫৯)

মূল্য : টাকা ৪.০০

০৪। উপরের বর্ণনা মোতাবেক নতুন সৃজিত প্রশাসন ও অর্থ অনুবিভাগের পুনর্বিন্যাসকৃত সাংগঠনিক কাটামো নিম্নরূপে গঠন করা হল :



০৫। এ সচিবালয়ের ১৬ অক্টোবর ২০১১ তারিখের নং নিকস/প্র-১/সাকা/১(৬)/৮৬(অং-৪)/৭৮৩ সংখ্যক স্মারকে জারিকৃত সাংগঠনিক কাঠামো সংক্রান্ত অন্যান্য বিষয়াবলী এবং বিভিন্ন সময়ে জারিকৃত এ সংক্রান্ত আদেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। পুনর্বিদ্যুত সাংগঠনিক কাঠামো এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হবে।

বাংলাদেশ নির্বাচন কমিশনের আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ

সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd